দৈনিক সংবাদ

তারিখ 28 SEP 1991 পৃষ্ঠা ... ৯ ... কলাম ... ৪ ...

21

# পরীক্ষার ফল ছিনতাই?

রাজশাহী, ২৭শে সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতার ফোন)।–ফলাফল প্রকাশের অনেক আগেই রাজশাহী বোর্ডের এসএসসি পরীক্ষার ফল শহরসহ বিভিন্ন স্থানে বিক্রি হতে দেখা গেছে।

আজ সকাল ৯টায় রাজশাহী শিক্ষা বোর্ড কার্যালয়ে সাংবাদিক সম্মেলনে এসএসসি পরীক্ষার ফল ঘোষণা করা হয়, কিন্তু সকাল ৭টা থেকে বোর্ড গেটে পুলিশের উপস্থিতিতে বিশেষ এক শ্রেণীর লোক পরীক্ষার ফল বিক্রি করতে শুরু করে। সাংবাদিক সম্মেলনে আমন্ত্রিত ভূমি প্রতিমন্ত্রী কবীর হোসেন, ডিআইজি, জেলা প্রশাসকসহ অন্যান্য কর্মকর্তা বোর্ড গেটে প্রবেশের সময়ও ফলাফল বিক্রেতাদের ''পাঁচ টাকা, পাঁচ টাকা, মাত্র পাঁচ টাকায় পরীক্ষার ফল'' হাঁক দিতে দেখা গেছে।

কয়েকদিন আগে সিরাজগঞ্জের শাহজাদপুর উপজেলাতেও পরীক্ষার ফলাফল বিক্রি হয়েছে বলে অভিযোগ পাওয়া যাচ্ছে।

এ ব্যাপারে সাংবাদিক সম্মেলনে বোর্ড চেয়ারম্যানের দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি জানান, আজ সকালে কয়েকটি স্কুলে পরীক্ষার ফল পাঠানোর সময় দায়িত্বপ্রাপ্ত একজন শিক্ষকের কাছ থেকে ফলাফলের কিছু কপি ছিনতাই হয়ে যায়। ঐ শিক্ষকের নাম কি ও কোথায় ছিনতাই হয়েছে এ প্রশ্নের জবাব বোর্ড চেয়ারম্যান দিতে পারেননি। তিনি বলেন, ঘটনার জন্য আমরা দুঃখিত। থানায় ডায়েরী করেছেন কিনা জানতে চাওয়া হলে তিনি বলেন হয়নি, তবে হবে।

সাংবাদিক সম্মেলন শেষে যখন প্রতিমন্ত্রীসহ অন্যান্য কর্মকর্তা বেরিয়ে যাচ্ছিলেন তখনো ফলাফল বিক্রি চলছিল।